22472

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

## ছাত্র-ছাত্রীরা আন্দোলন করিয়া পরীক্ষা দুইমাস আগাইয়াছে

কৃষিবিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। সকল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যেখানে পরীক্ষা পিছানোর জন্যে আন্দোলন, ভাংচুর ও ধর্মঘট করে সেখানে বাংলাদেশ কৃষিবিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের শেষ বর্ষের ছাত্র-ছাত্রীরা আন্দোলন করিয়া তাহাদের পরীক্ষা দুইমাস আগাইয়াছে। একাডেমিক ক্যালেণ্ডারে তাহাদের ফাইনাল পরীক্ষার তারিখ ছিল ২৫শে মার্চ। দুইমাস আগা-

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ছাত্র-ছাত্রীরা আন্দোলন

(৩য় পৃঃ পর)

ইয়া ২৯শে জানুয়ারী করা হইয়াছে। পরীক্ষা আগাইবার জন্যে গত ৬ মাস যাবৎ ছাত্র-ছাত্রীরা আন্দোলন করিয়া আসিতেছিল। প্রথমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা আগে নিতে অস্বীকার করিলেও পরে দাবী মানিয়া নেন। এই দাবীর সাথে একই বর্ষের ঢাকা কৃষি ইনষ্টিটিউট, পটুয়াখালী কৃষি কলেজ ও দিনাজপুর কৃষি কলেজের ছাত্র-ছাত্রীরা একমত রহিয়াছে। এই সেশনের ছাত্র-ছাত্রীরা ১৯৮৭ সনে এইচ এস সি পাস করিয়া ভর্তি হয়। ৪ বছরের অর্নাস কোর্স শেষ করিতে ৭ বছরের বেশী লাগিতেছে।

ছাত্র-ছাত্রীরা জানান, ১৭শ বিসিএস এবং জুলাইয়ের এমএস সেমিষ্টারে অংশ গ্রহণের লক্ষ্যে তাহারা পরীক্ষা আগাইয়াছে।